

নবাবগঞ্জে ৪৬টি স. প্রা. স্কুলে দফতরি নিয়োগ

গণধোলাইয়ের শিকার হয়ে শিক্ষা কর্মকর্তা হাসপাতালে

চিত্ত মোহ, দিনাজপুর

দিনাজপুরের নবাবগঞ্জ উপজেলায় ৪৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পিয়ন কাম নৈশপ্রহরী নিয়োগে প্রায় ২ কোটি টাকার বাশিয়া করতে গিয়ে গণধোলাইয়ের শিকার হয়ে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হিটলারজামান হাকিম এখন বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

বুধবার বিকেলে নবাবগঞ্জ উপজেলা ৪৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পিয়ন কাম নৈশপ্রহরী নিয়োগ বাণিজ্যের অভিযোগে বিস্কুল

জনতার হাতে গণধোলাইয়ের শিকার হন নবাবগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হিটলারজামান (হাকিম)। গণধোলাইয়ে ওস্তুর আহত হয়ে বর্তমানে তিনি বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। আহত হওয়ার পর পর তিনি বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছিলেন। নবাবগঞ্জ উপজেলা শিক্ষা কর্মকর্তা হিসেবে কর্মরত থাকলেও তিনি পার্শ্ববর্তী বিরামপুর উপজেলায় বাসা ভাড়া নিয়ে থাকতেন।

অভিযোগে জানা যায়, নবাবগঞ্জ উপজেলার ৪৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পিয়ন কাম নৈশপ্রহরী নিয়োগ

নেয়ার নামে উপজেলা শিক্ষা কর্মকর্তা হিটলারজামান (হাকিম) বিভিন্ন প্রার্থীর কাছ থেকে ৪ লাখ করে টাকা হাতিয়ে নেন। যার পরিমাণ প্রায় ২ কোটি টাকা। নিয়োগ প্রক্রিয়া শেষ না করেই তিনি সম্প্রতি বদলি নিয়েছেন পঞ্চগড়ে। তার এই বদলির আদেশের স্বর টাকার বিনিময়ে চাকরি প্রার্থীদের কাছে ছড়িয়ে পড়ে। উপজেলা

শিক্ষা কর্মকর্তা টাকা নিয়ে চাকরি না দিয়েই অন্যত্র চলে যাচ্ছেন-এমন স্বর ছড়িয়ে পড়লে বুধবার বিকেলে চাকরির জন্য টাকা দেয়া লোকজন জড়ো হন বিরামপুর রেলগেটে। স্বরায় বিরামপুর রেলগেটে তাকে আটক করে টাকা ফেরত চাইলে তিনি তা

নিয়ে অপারগতা প্রকাশ

করেন। একপর্যায়ে টাকা দেয়া চাকরি প্রার্থীরা বিস্কুল হয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা হিটলারজামানকে বেদন গপিতুনি এবং ভুলে নিয়ে যাওয়ার চেষ্টা করেন। স্থানীয় লোকজন তাকে জনস্রোথ থেকে উদ্ধার করে পার্শ্ববর্তী বিরামপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বায়রুপ আলম রাস্তুর মিল চাতালে নিয়ে যান। এরপর তাকে স্থানীয় লোকের সহায়তায় বিরামপুর হাসপাতালে ভর্তি করা হয়। (হাসপাতালের জমিক নং-২৬৬)। হাসপাতালের শিক্ষা কর্মকর্তা হিটলারজামান চাকরির বিনিময়ে টাকা নেয়া অভিযোগ অস্বীকার করে বলেন, লোকজন ভুল বুঝে তার ওপর আক্রমণ করেছে।

কোটি টাকা

নিয়োগ বাণিজ্যের
অভিযোগ